

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:19-02-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Assembly :

আগামী ১৩ই মার্চ থেকে রাজ্য বিধানসভায় বাজেট অধিবেশন শুরু হবে। গতকাল বিধানসভার সচিব এ. কে. নাথ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে শুরু হবে অধিবেশন। ত্রয়োদশ বিধানসভার নবম অধিবেশনে রাজ্যের ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট পেশ করা হবে। এদিকে, বাজেট বক্তৃতায় ঘোষিত বিভিন্ন প্রকল্প ও প্রতিশ্রুতির বাস্তবায়ন খতিয়ে দেখতে গতকাল অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় সচিবালয়ে বৈঠক করেন।

Rajbhasha Conference :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামীকাল আগরতলায় দেশের উত্তর, পূর্ব এবং উত্তর-পূর্বাঞ্চলের যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করবেন। স্বরাষ্ট্রমন্ত্রকের সরকারি রাজভাষা বিভাগের উদ্যোগে হাঁপানিয়ায় ইন্টারন্যাশনাল ইনডোর এক্সিভিশন সেন্টারে এই সম্মেলন শুরু হবে।

এই যৌথ সম্মেলনে বিভিন্ন কেন্দ্রীয় সরকারি দপ্তর, ব্যাংক এবং সংস্থার আধিকারিক ও কর্মীরা অংশগ্রহণ করবেন।

PM-AI:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির ভারত মন্ডপমে 'ভারত এ আই ইমপ্যাক্ট সামিট-টুয়েন্টি টুয়েন্টি সিক্স' শীর্ষ সম্মেলনের উদ্বোধন করবেন। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ফ্রান্সের রাষ্ট্রপতি, জাতিসংঘের মহাসচিব

এবং বিশ্বের বিভিন্ন শীর্ষ শিল্পসংস্থার প্রধানরাও বক্তব্য রাখবেন। প্রধানমন্ত্রী গতকাল সন্ধ্যায় উদ্বোধনের প্রাকপর্বে, অংশগ্রহণকারী বিশ্ব নেতাদের পাশাপাশি, জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং আইএমএফের ব্যবস্থাপনা পরিচালক ক্রিস্টালিনা জর্জিভাকেও স্বাগত জানান। এর আগে শ্রী মোদী সম্মেলনে অংশগ্রহণকারী বেশ কয়েকজন নেতার সঙ্গে বৈঠকও করেন ।

SHe-Box Portal :

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, কেন্দ্রীয় সরকারের চারটি নতুন শ্রম কোডের মাধ্যমে মহিলাদের আরো বেশি অধিকার নিশ্চিত হয়েছে। গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে কর্মক্ষেত্রে মহিলাদের যৌন হেনস্থা প্রতিরোধ ও প্রতিকার আইন সম্পর্কে সচেতন করার লক্ষ্যে 'শি বক্স পোর্টাল'-এর উপর একদিনের রাজ্যভিত্তিক কর্মশালায় তিনি একথা বলেন। তিনি আরও বলেন, মহিলাদের প্রতিটি অধিকার সম্পর্কে সচেতন করা, তাদের সাহস জোগানো এবং তারা যাতে ন্যায়বিচার পায় তার জন্য সরকার আন্তরিকভাবে কাজ করছে।

PM BISWAKARMA :

গোমতি জেলাভিত্তিক উদ্যম সমাগম গতকাল উদয়পুরে অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা এবং পি.এম.ই.জি.পি সহ বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি প্রকল্পের সুবিধা নিয়ে এই সমাগমের আয়োজন করা হয়। ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের উদ্যোগে উদয়পুর পি আর টি আই-তে আয়োজিত এই কর্মসূচিতে জেলার যুব উদ্যোক্তা, ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী এবং বিভিন্ন শিল্প ক্ষেত্রের কারিগররা অংশগ্রহণ করেন।

Bal Vivah Mukta Bharat :

ভলান্টারি হেলথ অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরার উদ্যোগে গতকাল আগরতলার আই.এম.এ হাউসে শিশু অধিকার, বাল্য বিবাহ প্রতিরোধ ইত্যাদি বিভিন্ন বিষয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বিশ্বজিৎ শীল সহ অন্যান্যরা।

এদিকে, হেজামারা মাল্টিপারপাস কমিউনিটি হলেও একই দিনে বাল্যবিবাহ মুক্ত ভারত অভিযান শীর্ষক জনসচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। হেজামারা আই.সি.ডি.এস প্রোজেক্ট কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই আলোচনা সভার উদ্বোধন করেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা।

Electricity :

বিদ্যুৎ নিগমের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু জানিয়েছেন, আগরতলা শহরের বিদ্যুৎ পরিষেবাকে আরও নিরবচ্ছিন্ন, স্বাচ্ছন্দ্যময় এবং আধুনিক প্রযুক্তিনির্ভর করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে রাজ্য বিদ্যুৎ নিগম। তিনি জানান, এর অঙ্গ হিসাবে আজ থেকে তেসরা মার্চ পর্যন্ত প্রগতি বিদ্যাভবন সংলগ্ন সাব স্টেশনে ৩২ এম.ভি.এ ক্ষমতা সম্পন্ন ট্রান্সফরমার বসানোর কাজ চলবে।

Paddy Procurement :

খাদ্য ও জন সংভরন দপ্তর এবং কৃষি দপ্তরের উদ্যোগে গতকাল থেকে গোমতি জেলার টেপানিয়া ব্লকে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা দাস ও ভাইস চেয়ারম্যান রামচন্দ্র দেবনাথ। শ্রী দেবনাথ জানান, গতকাল বাগমা বাজারেও দ্বিতীয় ধাপে কৃষকদের কাছ থেকে ধান কেনা শুরু হয়েছে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের আগামীকাল পর্যন্ত খোলা থাকবে।

Under 18 Cricket :

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৮ ক্রিকেট প্রতিযোগিতায় বনমালিপুর ক্রিকেট ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। এম বি বি স্টেডিয়ামে তিনদিনের ফাইনালে খেলার শেষ দিনে গতকাল বনমালিপুর ক্রিকেট ক্লাব ৯১ রানে মোহনপুরকে হারিয়ে দেয়।

Weather :

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৩ ডিগ্রি সেলসিয়াস।
